

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুন ২৯, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
কমিটি বিষয়ক শাখা  
[www.cabinet.gov.bd](http://www.cabinet.gov.bd)

প্রজ্ঞাপন

ঢাকা, ১৫ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ/ ২৯ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০৪.২৫.১১৮—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ব্যবসা-বাণিজ্য, শিল্প, বন্দর ও রাজস্ব আদায় কার্যক্রম অধিকতর গতিশীল করার লক্ষ্যে নিম্নরূপ উপদেষ্টা পরিষদ কমিটি গঠন করেছে :

২.০। কমিটির গঠন:

ক্রমিক	নাম ও পদবি	দায়িত্ব
(১)	উপদেষ্টা, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় এবং রেলপথ মন্ত্রণালয়	আহ্বায়ক
(২)	উপদেষ্টা, শিল্প মন্ত্রণালয় এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়	সদস্য
(৩)	উপদেষ্টা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এবং পানি সম্পদ মন্ত্রণালয়	সদস্য
(৪)	উপদেষ্টা, নৌপরিবহন মন্ত্রণালয় এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়	সদস্য
(৫)	উপদেষ্টা, বাণিজ্য মন্ত্রণালয়, বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়	সদস্য।

( ৬৭০৫ )

মূল্য : টাকা ৪.০০

## ২.১। কমিটির কার্যপরিধি:

- (১) দেশের ব্যবসা-বাণিজ্য, শিল্প, বন্দর ও রাজস্ব আদায় কার্যক্রম পর্যালোচনা ও মূল্যায়ন; এবং
- (২) এ সকল বিষয় অধিকতর গতিশীল করার লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশ প্রদান।

২.২। কমিটির বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

২.৩। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

২.৪। অভ্যন্তরীণ সম্পদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৩.০। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ হুমায়ুন কবির)  
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)  
ফোন: ৯৫১১০৩৬  
email: addl\_ce@cabinet.gov.bd